



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন  
কৃষি ভবন  
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০  
(সংস্থাপন বিভাগ)  
[www.badc.gov.bd](http://www.badc.gov.bd)


নম্বর: ১২.০৬.০০০০.২০৩.১৮.০০২.২৩.১০৮৭

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩  
১০ জুন ২০২৬

অফিস আদেশ

সাংগঠনিক কাঠামো ও কর্মবন্টন অনুযায়ী বিএডিসি'র সংস্থাপন বিভাগ হচ্ছে সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণের অর্জিত ছুটি, বহিঃবাংলাদেশ ছুটি, উচ্চতর গ্রেড প্রাপ্তি সংক্রান্ত কার্যক্রম, বদলি সংক্রান্ত কার্যক্রম, নিয়োগ ও পদোন্নতি, আনুতোষিক যাচাই, পিডিএস সংরক্ষণ এবং হালনাগাদের জন্য দায়িত্বপ্রাপ্ত বিভাগ। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, এ সকল বিষয়ে মাঠপর্যায় হতে সংশ্লিষ্ট পুল বা বিভাগ বরাবরে আবেদন পত্র প্রেরণ করা হয়। এ সকল আবেদনের বিষয়ে কর্তৃপক্ষ অবগত থাকেন না ও সময়মতো তা নিষ্পত্তি হয় না এবং এতে দাপ্তরিক কার্যক্রমে জটিলতা সৃষ্টি হয়। এ ধরনের আবেদন অনুমোদন বা মঞ্জুরী কর্তৃপক্ষ হচ্ছে বিএডিসি'র নিয়োগকারী কর্তৃপক্ষ অর্থাৎ চেয়ারম্যান, বিএডিসি। এ ছাড়াও বিএডিসি'র স্বার্থ সংশ্লিষ্ট অনেক বিষয় যেমন- সম্পত্তি রক্ষণাবেক্ষণ, রেকর্ড হালনাগাদকরনসহ সংস্থার স্বার্থ সংশ্লিষ্ট পত্রসমূহের অনুলিপি চেয়ারম্যান, বিএডিসি বরাবরে প্রেরণ করা হয়না। এতে জনগুরুত্বপূর্ণ বিষয় চেয়ারম্যানের গোচরীভূত হয় না।

০২. বর্ণিতাবস্থায়, বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীগণের অর্জিত ছুটি, বহিঃ বাংলাদেশ ছুটি, উচ্চতর গ্রেড প্রাপ্তি সংক্রান্ত কার্যক্রম, বদলি সংক্রান্ত কার্যক্রম, নিয়োগ ও পদোন্নতি, আনুতোষিক সংক্রান্ত আবেদনসমূহ বিএডিসি'র নিয়োগকারী কর্তৃপক্ষ তথা চেয়ারম্যান, বিএডিসি বরাবর দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একই সাথে বিএডিসি'র স্বার্থ সংশ্লিষ্ট বিষয় যেমন- সম্পত্তি রক্ষণাবেক্ষণ, রেকর্ড হালনাগাদকরনসহ সংস্থার স্বার্থ সংশ্লিষ্ট পত্রসমূহের অনুলিপি চেয়ারম্যান, বিএডিসি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

  
(আবু জাফর রাশেদ)  
সচিব  
বিএডিসি, ঢাকা।  
ফোন: ২২৩৩৮৪৩৫৯  
ই-মেইল:secretary@badc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য পরিচালক (স্কুদ্রসেচ/সার ব্যবস্থাপনা/অর্থ/বীজ ও উদ্যান), বিএডিসি, ঢাকা।
২. .... ।  
(সকল বিভাগ প্রধান/ প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক/মাঠপর্যায়ের দপ্তর প্রধান) (নিজ দপ্তর ও নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহের সকল কর্মকর্তা ও কর্মচারিকে অবহিত করবেন।)
৩. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৫. দপ্তর কপি/মাষ্টার ফাইল কপি।